**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

**সংবাদ গতিধারা**

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৭৪/২০১৭**

**ঢাকা, মঙ্গলবার ১১ এপ্রিল ২০১৭, ২৮ চৈত্র ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বাংলাদেশে বিনিয়োগের সুযোগ কাজে লাগান
: ভারতীয় ব্যবসায়ীদের উদ্দেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনা

২। তিস্তা নিয়ে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ঘোষণার
ওপর আস্থার কথা বললেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৩। দেশ বিক্রির কথা যারা বলছেন তারা অর্বাচীন : প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৪। চার দিনের ভারত সফর শেষে প্রধানমন্ত্রী দেশে ফিরেছেন

৫। প্রধানমন্ত্রীর সংবাদ সম্মেলন আজ

৬। রাষ্ট্রপতির সঙ্গে দুই সৌদি ইমামের সাক্ষাৎ

৭। বাড়ির মালিকদের করের আওতায় আনা হবে : অর্থমন্ত্রী

৮। রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকগুলোকে খেলাপি ঋণ কমাতে অর্থমন্ত্রীর দুই উপদেশ

৯। তিস্তা চুক্তিতে দুই দেশই একমত, শুধু সময়ের ব্যাপার : তথ্যমন্ত্রী

১০। সকল সংসদ সদস্যের ফেসবুক পেজ ভেরিফাইড হবে : ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী

১১। বাংলাদেশ ও ভারতের মধ্যে ১০ বিলিয়ন ডলার বাণিজ্য বিনিয়োগের ১৩টি চুক্তি স্বাক্ষর

চলমান পাতা-২

১। **বাংলাদেশে বিনিয়োগের সুযোগ কাজে লাগান : ভারতীয় ব্যবসায়ীদের উদ্দেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

ভারতের ব্যবসায়ীদের বাংলাদেশে বিনিয়োগের আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আপনারা বিনিয়োগ নিয়ে আসুন, বাংলাদেশের সুযোগগুলো কাজে লাগান। আমি নিশ্চিত, একসঙ্গে কাজ করলে এ অঞ্চলের মানুষ ও তাদের জীবন আমরা বদলে দিতে পারব। গতকাল ১০ এপ্রিল সোমবার দিল্লিতে ভারত-বাংলাদেশ বিজনেস ফোরামের মতবিনিময় অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এ আহ্বান জানান। একই দিনে এক সংবর্ধনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, প্রতিশ্রুত তিস্তা চুক্তি হলে ভারত-বাংলাদেশ সম্পর্ক রূপান্তরের আরও একটি পর্যায় অতিক্রম করবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আরও বলেন, তিস্তা নিয়ে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির কথার ওপরই আমরা ভরসা রাখছি। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার বিজনেস পাতা** (পৃ.১,ক.৫)। **জনকণ্ঠ, সমকাল, অবজারভার, ডেইলি সান** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে। **জনকণ্ঠ, ইনকিলাব, নিউজ টুডে, ডেইলি সান, অবজারভার, ফিনানশিয়াল এক্সপ্রেস** অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **তিস্তা নিয়ে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ঘোষণার ওপর আস্থার কথা বললেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

তিস্তা চুক্তির ব্যাপারে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির অনাগ্রহ থাকলেও এ ব্যাপারে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ওপর ভরসা রাখার কথা জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, তিস্তার পানিবণ্টনে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ঘোষণায় আমরা আস্থা রাখছি। এটা আমাদের ন্যার্য্য পাওনা। আমরা বিশ্বাস করি সমমর্যাদা এবং বন্ধুত্ব দিয়ে অনেক কিছু অর্জন করা সম্ভব। ঝগড়া করে সমস্যার সমাধান হয় না। বন্ধুত্ব দিয়েই দাবি আদায় হয়। চারদিনের সফরের শেষদিনে গতকাল ১০ এপ্রিল সোমবার সকালে নয়াদিল্লির ইমপেরিয়াল হোটেলে ইন্ডিয়া ফাউণ্ডেশনের দেওয়া এক সংবর্ধনা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.৬), **নিউ এজ** (পৃ.১,ক.২), **ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট, যায়যায়দিন, নিউজ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। **দেশ বিক্রির কথা যারা বলছেন তারা অর্বাচীন : প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

ভারতের সঙ্গে চুক্তি স্বাক্ষর করে সরকার দেশ বিক্রি করে দিয়েছে, বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার এই বক্তব্যের তীব্র সমালোচনা করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, যারা বলছেন ভারতের সঙ্গে চুক্তি করে দেশ বিক্রি করে দেওয়া হয়েছে প্রকৃত পক্ষে তারা অর্বাচীন। দু'দেশের মধ্যে সম্পাদিত চুক্তিগুলো জনগণ ও আঞ্চলিক কল্যাণে স্বাক্ষরিত হয়েছে। আমরা সামগ্রিকভাবে জনগণ ও আঞ্চলিক উন্নয়নের লক্ষ্যে ভারতের সঙ্গে চুক্তি করেছি। প্রধানমন্ত্রী ব্যবসায়ীদের বলেন, আপনারা বলুন, আমরা দেশ বেচে দিলাম নাকি কিছু অর্জন করে ফিরছি। তিস্তার পানিবণ্টন চুক্তির ওপর আগামীতে বাংলাদেশ-ভারতের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রূপান্তর নির্ভর করছে মন্তব্য করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আরও বলেন, ঝগড়া নয়, বন্ধুর সঙ্গে আলোচনা করেই সমস্যার সমাধান করতে চাই। চারদিনের ভারত সফরের শেষ দিনে গতকাল ১০ এপ্রিল সোমবার দুটি অনুষ্ঠানে বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.৪), **এশিয়ান এজ** ( পৃ.১,ক.৩)।

৪। **চার দিনের ভারত সফর শেষে প্রধানমন্ত্রী দেশে ফিরেছেন**

চার দিনের সরকারি সফর শেষে ভারত থেকে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিশেষ ফ্লাইটে গতকাল ১০ এপ্রিল সোমবার ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান তিনি। ব্যাপক প্রস্তুতি থাকলেও প্রধানমন্ত্রীর নির্দেশে তাঁকে দেওয়া গণসংবর্ধনা কর্মসূচি স্থগিত করে আওয়ামী লীগ। তবে দলটির সিনিয়ন নেতা ও মন্ত্রীবর্গ বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে স্বাগত জানায়। এর আগে ভারতের স্থানীয় সময় বিকাল পৌনে ৫টায় নয়াদিল্লির পালামে বিমানবাহিনীর ঘাঁটি থেকে ঢাকার উদ্দেশ্যে রওনা হন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিমানবন্দরে তাঁকে বিদায় জানান বিজেপি সরকারের বাঙালি শিল্প প্রতিমন্ত্রী বাবুল সুপ্রিয়, বাংলাদেশে ভারতের হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা ও ভারতে বাংলাদেশের হাইকমিশনার সৈয়দ মোয়াজ্জেম আলী। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৮)। **প্রথম আলো, ভোরের**

**কাগজ, ডেইলি স্টার, নিউ নেশন, অবজারভার**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**৫। প্রধানমন্ত্রীর সংবাদ সম্মেলন আজ**

চারদিনের ভারত সফর ও চুক্তি স্বাক্ষর বিষয়ে বিস্তারিত তুলে ধরতে আজ মঙ্গলবার বিকাল সাড়ে ৪টায় সংবাদ সম্মেলন ডেকেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রীর সরকারি বাস ভবন গণভবনে এ সংবাদ সম্মেলন



হবে। গতকাল ১০ এপ্রিল সোমবার রাতে প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব আশরাফুল আলম খোকন এ তথ্য নিশ্চিত করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৫)।

**৬। রাষ্ট্রপতির সঙ্গে দুই সৌদি ইমামের সাক্ষাৎ**

রাষ্ট্রপতি আবদুল হামিদ বিশ্বব্যাপী সন্ত্রাস ও জঙ্গিবাদের বিস্তার রোধে ইসলাম সম্পর্কে অপপ্রচার বন্ধের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেছেন। সৌদি আরবের মসজিদুল হারামের ইমাম ড. মোহাম্মদ বিন নাসের বিন মোহাম্মদ আল খুজাইম এবং মসজিদে নববির ইমাম আবদুল মেহসিন মোহাম্মদ আল কাসিম গতকাল ১০ এপ্রিল সোমবার বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করলে তিনি এ নিয়ে কথা বলেন। রাষ্ট্রপতি সন্ত্রাস ও জঙ্গিবাদ মোকাবেলায় সৌদি আরবের উদ্যোগ সহায়ক হবে বলে আশা প্রকাশ করেন। বৈঠক শেষে রাষ্ট্রপতির প্রেস সচিব এ বিষয়ে ব্রিফ করেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৪,ক.৩), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৭)।

**৭। বাড়ির মালিকদের করের আওতায় আনা হবে : অর্থমন্ত্রী**

আয়কর আদায় বাড়াতে আগামী বাজেটে ঢাকা শহরের সব পাকা বাড়ির মালিকদের করের আওতায় আনা হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। একই সঙ্গে ২০১৯ সালের মধ্যে এক কোটি লোককে করের আওতায় আনা হবে বলে জানান তিনি। গতকাল ১০ এপ্রিল সোমবার রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় প্রাক-বাজেট আলোচনা শেষে এ কথা বলেন অর্থমন্ত্রী। অর্থমন্ত্রী জানান, ঢাকা শহরকে কয়েকটি জোনে ভাগ করা হবে। তারপর পাকা বাড়ির মালিকদের তালিকা করা হবে। করযোগ্য আয় থাকলে তাদের প্রত্যেককে কর দিতে হবে। বর্তমানে কর নিবন্ধন সংখ্যা (ই-টিআইএন) ২৮ লাখ ছাড়িয়ে গেছে। আগামী তিন বছরের মধ্যে এ সংখ্যা এক কোটিতে উন্নীত করতে হবে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৬), **যুগান্তর** (পৃ.২,ক.৫), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.১), **নিউ নেশন** (পৃ.১৩,ক.১)।

**৮। রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকগুলোকে খেলাপি ঋণ কমাতে অর্থমন্ত্রীর দুই উপদেশ**

রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকগুলোকে খেলাপি ঋণের সমস্যা থেকে বাঁচাতে দুটি উপদেশ দিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। এর একটিতে তিনি ব্যাংক কর্মকর্তাদের গ্রাহককে ভালোভাবে জেনে ঋণ দিতে বলেছেন, অন্যটিতে ঋণ দিয়ে যাতে সমস্যা সৃষ্টি না হয় সেজন্য গ্রাহককে বিভিন্ন ব্যবসায়িক পরামর্শ ও সহযোগিতা দিতে বলেছেন। তবে শাখাগুলোতে সুপারভিশন দুর্বল থাকায় রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলোতে হলমার্কের মতো আর্থিক কেলেঙ্কারি ঘটছে বলেও মন্তব্য করেন তিনি। গতকাল ১০ এপ্রিল সোমবার রাষ্ট্রায়ত্ত অগ্রণী ব্যাংকের ৫০০তম পর্ষদ সভা উদ্বোধন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে এসব উপদেশ দেন তিনি। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **সমকাল** (পৃ.১২,ক.৬)।

**৯। তিস্তা চুক্তিতে দুই দেশই একমত, শুধু সময়ের ব্যাপার : তথ্যমন্ত্রী**

তিস্তায় পানি নেই দাবি করে পশ্চিমবঙ্গের কয়েকটি ছোট নদীর পানি বণ্টনের যে বিকল্প প্রস্তাব মমতা বন্দ্যোপাধ্যায় দিয়েছেন বাংলাদেশ তা আমলে নেয়নি বলে জানিয়েছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভারত সফর নিয়ে গতকাল ১০ এপ্রিল সোমবার তথ্য অধিদফতরে আয়োজিত এক সংবাদ সম্মেলন তিনি একথা বলেন। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর প্রস্তাব নিয়ে এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, এটা আমরা এখনও আমলে নেইনি, আমলে নেওয়ার দরকার নেই। তিস্তা তিস্তাই। তিস্তার পানি বণ্টন করার জন্য আরেকটি নদীর কোথায় কি হবে সেটা এখানে আলোচনায় অন্তর্ভূক্ত হতে পারে না। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.২,ক. ৬), **ডেইলি সান**

(পৃ.১,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৪)। **যায়যায়দিন, সমকাল, ফিনানশিয়াল এক্সপ্রেস**সহ অধিকাংশ পত্রিকা ছবি সহ খবর ছেপেছে।

**১০। সকল সংসদ সদস্যের ফেসবুক পেজ ভেরিফাইড হবে : ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী**

বাংলাদেশের সকল সংসদ সদস্যের পেজ ভেরিফাইড করে দেবে ফেসবুক কর্তৃপক্ষ। পাশাপাশি তারা ভুয়া (ফেক) আইডিগুলো বন্ধ করে দেবে। ফেসবুক কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে এমন আশ্বাস পাওয়া গেছে বলে জানিয়েছেন টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম। লন্ডন ও সিঙ্গাপুরে সম্প্রতি ওই বৈঠক অনুষ্ঠিত হয়েছে। গতকাল ১০ এপ্রিল সোমবার টেলিযোগাযোগ মন্ত্রণালয়ে সাংবাদিক সম্মেলনে তারানা হালিম বলেন, নারীর প্রতি সহিংসতা রোধ এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যোক্তাদের জন্য বাংলাদেশে বিভিন্ন ধরনের কর্মসূচি নিতে যাচ্ছে



ফেসবুক কর্তৃপক্ষ। নারীর প্রতি সহিংসতা রোধে পোস্ট বা ভিডিও সরানো হবে জানিয়ে তারানা হালিম বলেন, সামাজিক যোগাযোগ মাধ্যমের পোস্ট বা ভিডিও মাধ্যমে যে সহিংসতা হয়, এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির জন্য ফেসবুক, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং বিভিন্ন নারী সংগঠনের সঙ্গে একটি দৃশ্যমান কর্মসূচি গ্রহণ করবে। ফেসবুক কর্তৃপক্ষ যে সচেতনতার আন্দোলনে যুক্ত হচ্ছে সেটিও খুব তাড়াতাড়ি দৃশ্যমান হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **প্রথম আলো** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

**১১। বাংলাদেশ ও ভারতের মধ্যে ১০ বিলিয়ন ডলার বাণিজ্য বিনিয়োগের ১৩টি চুক্তি স্বাক্ষর**

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা দিল্লি সফরের শেষ দিনে ১০ বিলিয়ন ডলার বাণিজ্য বিনিয়োগের ১৩টি চুক্তি স্বাক্ষর করেছে বাংলাদেশ ও ভারতের বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান। এর আগে গত ৮ এপ্রিল শনিবার ভারত ও বাংলাদেশ সরকারের মধ্যে ৫ বিলিয়ন ডলার ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশের ইতিহাসে প্রধানমন্ত্রীর কোনো দেশ সফরে গিয়ে এত বেশি সংখ্যক টাকার বিনিয়োগ চুক্তি আগে কখনই হয়নি। গতকাল ১০ এপ্রিল সোমবার প্রধানমন্ত্রীর উপস্থিতিতে নয়াদিল্লির তাজ হোটেলে এ ১৩ টি সমঝোতা স্মারক স্বাক্ষর করে দুই দেশের সরকারি-বেসরকারি প্রতিনিধিরা। এর মধ্যে রয়েছে রামপাল বিদ্যুৎকেন্দ্র স্থাপনে অর্থ চুক্তি, ত্রিপুরা থেকে আর ৬০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানি, ঝাড়খন্ডে ১৬০০ মেগাওয়াট বিদ্যুৎকেন্দ্র স্থাপন করে বিদ্যুৎ আমদানির চুক্তি ও সমঝোতা স্মারক। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৪), **নিউ এজ** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭), **ডেইলি স্টার, অবজারভার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক, প্রথম আলো :** রাজধানীর মহাখালীতে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কেন্দ্রীয় পণ্যাগারে অগ্নিকাণ্ডের ঘটনায় প্রায় শত কোটি টাকার বিভিন্ন ধরনের পণ্য পুড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে এর প্রকৃত কারণ উদঘাটন করে এ ধরনের দুর্ঘটনার পুনরাবৃত্তি রোধে যথাযথ ব্যবস্থা গৃহীত হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **জনকণ্ঠ :** মাইক্রোসফট কর্তৃপক্ষ বাংলাদেশ ও ভারতের বাংলাভাষীদের সুবিধার্থে অত্যাধুনিক অনুবাদক প্ল্যাটফর্ম ‘মাইক্রোসফট ট্রান্সলেটর’ সংযুক্তির সিদ্ধান্ত নেওয়ায় মাইক্রোসফটে যুক্ত হলো বাংলা ভাষা উল্লেখ করে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে এ নতুন উদ্যোগ ইতিবাচক পদক্ষেপ বলে মন্তব্য।

গ. **সংবাদ, ইনকিলাব, নিউ এজ :** বাঁধ নির্মাণে অনিয়ম দুর্নীতির কারণে হাওর এলাকার ফসল তলিয়ে গেছে ক্ষতিগ্রস্ত কৃষকদের এ অভিযোগ আমলে নিয়ে এ ব্যাপারে তদন্তের মাধ্যমে অনিয়মের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঘ. **যায়যায়দিন :** ঢাকা মহানগরীর প্রান্তিক ও নিকটবর্তী এলাকায় শিক্ষার উন্নয়নে ১০টি মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের সরকার উদ্যোগ নেওয়ায় তাকে স্বাগত জানিয়ে এ পদক্ষেপের যথাযথ বাস্তবায়ন প্রত্যাশা।

ঙ. **ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার :** বিগত দুই মাসে সড়ক দুর্ঘটনায় পাঁচ শতাধিক লোক নিহত হওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে ড্রাইভারদের যথাযথ প্রশিক্ষণের দ্বারা লাইসেন্স প্রদানসহ সড়ক-মহাসড়ক মেরামত করে চলাচল নির্বিঘ্ন করার ওপর গুরুত্বারোপ।

চ. **ডেইলি সান :** অটিস্টিক শিশুদের স্বাভাবিক শিশুদের মত বেড়ে ওঠায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও ভুটানের স্বাস্থ্য মন্ত্রণালয়ের সমন্বয়ে নেওয়া উদ্যোগকে স্বাগত জানিয়ে সমাজের সবাইকে এ ব্যাপারে সহযোগিতা করতে এগিয়ে আসার আহ্বান।

ছ. **নিউ নেশন, যুগান্তর :** বর্তমান জাতীয় সংসদের অধিবেশনে কোরাম সংকটের কারণে বিপুল আর্থিক ব্যয়ের বিষয়ে টিআইবির রিপোর্ট তুলে ধরে সংশ্লিষ্টদের বিষয়টিকে গুরুত্বের সঙ্গে বিবেচনায় নেওয়ার সুপারিশ।

জ. **নিউ এজ, যুগান্তর :** ট্যানারির বর্জ্যে বুড়িগঙ্গার মতো ধলেশ্বরী নদীও যেন দখল দূষণে বিপন্ন না হয়ে যায় সেজন্য কঠোরভাবে নদী দূষণ প্রতিরোধের ব্যবস্থা করার প্রত্যাশা।

ঝ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** তৃণমূল পর্যায়ে আইসিটি সেবা পোঁছাতে এখাতে বিপুল বিনিয়োগের দ্বারা কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রায় পৌঁছাতে এগিয়ে আসার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে প্রতিবন্ধী শিশুদের জন্য পরিবারভিত্তিক সেবা ও কমিউনিটিভিত্তিক পুনর্বাসনের বিস্তার ঘটাতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'স্বাস্থ্যসেবায় অনন্য কমিউনিটি ক্লিনিক'** শিরোনামের নিবন্ধে শাকেরা আহমেদ মা ও শিশুর সুস্বাস্থ্য নিশ্চিতে, শিশুর মানসিক স্বাস্থ্যের বিকাশকে ত্বরান্বিত করতে এবং ভবিষ্যৎ প্রজন্মকে একটি বলিষ্ঠ জাতি হিসেবে গড়ে তুলতে কমিউনিটি ক্লিনিক বর্তমান সরকারের একটি যুগান্তকারী পদক্ষেপ বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা